

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯-২৪ (৫০)

তারিখ: ৩০ জানুয়ারি ২০২১

বিষয়: শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উপলক্ষে চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের উদ্যোগে চট্টগ্রাম জেলার সর্বস্তরের প্রতিযোগীদের কাছ থেকে নিম্ন শর্তাধীনে স্বহস্তে লিখিত/চিত্রিত রচনা ও চিত্রকর্ম আহ্বান করা যাচ্ছে:

ক) রচনা প্রতিযোগিতার তথ্য:

গ্রুপ	শ্রেণি	রচনার বিষয়	শব্দসীমা	জমা দেয়ার সময় ও স্থান
ক	পঞ্চম-অষ্টম	২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	১০০০	স্বহস্তে লিখিত রচনা ২২.০২.২০২১ খ্রি. বিকাল ৪.০০ টার মধ্যে ৯২, সদরঘাট রোডে কেপিএম ভবনের ৩য় তলায় চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে।
খ	নবম-দ্বাদশ	একুশের চেতনা ও সর্বস্তরে মাতৃভাষার প্রচলন	১২০০	
গ	স্নাতক-স্নাতকোত্তর	অমর একুশে বাঙ্গালির সর্বোচ্চ অহংকার	১৫০০	
ঘ	সর্বসাধারণ (ক-গ ব্যতীত)	ভাষা আন্দোলনের তাৎপর্য এবং মুজিববর্ষ	১৮০০	

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতার তথ্য:

গ্রুপ	বয়সসীমা	চিত্রাঙ্কনের বিষয়	চিত্রাঙ্কন জমা দেয়ার সময় ও স্থান
ক	অনুর্ধ্ব ৭ বছর (যাদের জন্ম ২২.০২.২০১৪ বা তার পরে)	উন্মুক্ত	স্ট্যান্ডার্ড সাইজের আর্ট-পেপারে (কোয়ার্টার শীটে) স্বহস্তে চিত্রিত চিত্রকর্মের সাথে প্রতিযোগীর জন্মসনদের ফটোকপিসহ ২২.০২.২০২১ খ্রি. বিকাল ৪.০০ টার মধ্যে ৯২, সদরঘাট রোডে কেপিএম ভবনের ৩য় তলায় ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে।
খ	অনুর্ধ্ব ১২ বছর (যাদের জন্ম ২২.০২.২০০৯ হতে ২১.০২.২০১৪ এর মধ্যে)	ভাষা আন্দোলন	
গ	প্রতিবন্ধী (বয়সের সীমাবদ্ধতা নেই)	উন্মুক্ত	

শর্তাবলী:

- নির্ধারিত শব্দসীমার মধ্যে স্বহস্তে লিখিত রচনা A-4 সাইজ কাগজের একক/সিঙ্গেল পৃষ্ঠায় লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- 'ক-গ' গ্রুপের রচনার কভার পৃষ্ঠায় স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রত্যয়ন অথবা স্টুডেন্ট আইডি'র ফটোকপি এবং 'ঘ' গ্রুপের প্রতিযোগীদের এনআইডি/স্মার্টকার্ডের ফটোকপি/গেজেটেড কর্মকর্তা প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- রচনার কভারে/চিত্রকর্মের পেছনে প্রতিযোগী, পিতা, মাতা ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম এবং মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

এ দপ্তরের ওয়েব পোর্টাল: www.publiclibrary.chittagongdiv.gov.bd ও ফেজবুক আইডি: www.facebook.com/ctgdgpl-তে প্রতিযোগিতার বিজ্ঞপ্তি, ফলাফল ও পুরস্কার বিতরণ সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

প্রয়োজনীয় কাগজাদি
স্বহস্তে প্রেরণ করা হইল।
৩০.০২.২১

সচিবালয় (ইন চার্জ), STAD

৩০.০১.২০২১

(এ.এইচ.এম. কামরুজ্জামান)

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক

ফোন: ০২৪১-৩৬০২৫৩

e-mail: dgplchittagong@gmail.com

Registrar

বিতরণ: বিজ্ঞপ্তি সদয় অবগতি ও বহল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতক্রমে নয়)

- রেজিস্ট্রার, আন্তর্জাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- অধ্যক্ষ, কলেজ, চট্টগ্রাম।
- অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট, মাদরাসা, চট্টগ্রাম।
- জেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিডিএ, চট্টগ্রাম।
- প্রধান শিক্ষক, চট্টগ্রাম।
- বিভাগীয় তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম।
- জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমি, চট্টগ্রাম/জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম।
- বার্তা সম্পাদক, দৈনিক আজাদী/দৈনিক পূর্বকোণ/দৈনিক কর্ণফুলী/সু-প্রভাত বাংলাদেশ/বীর চট্টগ্রাম মঞ্চ, চট্টগ্রাম (প্রেস বিজ্ঞপ্তি)।

সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতক্রমে নয়)

- মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- জেলা প্রশাসক, চট্টগ্রাম।



মামুনুর রশীদ
মহাপরিচালক
আহ্বান করা যাচ্ছে।
৩০.২.২১

MUHAMMAD MAMUNUR RAHID
Director (In-charge)
Student Affairs Division
Int'l Islamic University Chittagong

